পানি সংকটে বিপাকে হরিণাকুণ্ডুর পাট চাষিরা

পাট নিয়ে বিপাকে পড়েছেন ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার কৃষকরা। পাটগাছ বড় হওয়ার পর পানির অভাবে অনেক স্থানে গাছের পাতা শুকিয়ে মরে যাচ্ছে। পাট জাগ দিতে পারছেন না এলাকার কৃষক। ভরা বর্ষা মৌসুমেও বৃষ্টির দেখা নেই।

অধিকাংশ খাল, বিল, ডোবা ও জলাশয়ে পানি নেই। যেটুকু পানি আছে তা পাট পচানোর জন্য যথেষ্ট নয়। পাটচাষিরা বৃষ্টির আশায় পাট কেটে জমিতে ফেলে রেখেছেন। পুকুর-নদীতে পর্যাপ্ত পানি না থাকায় সেচের মাধ্যমে জাগ দিতে হচ্ছে পাট। আবার কেউ গাড়িতে করে বিল এলাকায় নিয়ে জাগ দেয়ার চেষ্টা করছেন। লোকসানের আশঙ্কায় মাথায় হাত কৃষকদের।

চলতি বছর ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে ৩ হাজার ৭৩০ হেক্টর লক্ষ্যমাত্রার বিপরীতে পাট চাষ হয়েছে ৩ হাজার ৭৫০ হেক্টর জমিতে, যা গত বছরের তুলনায় বেশি। চাষ বেশি হলেও পানির অভাবে সমস্যা দেখা দিয়েছে পাট জাগ নিয়ে। অনেক এলাকায় শ্যালো মেশিন ও মোটরের সাহায্যে পানি দিয়ে জাগ দেয়া হচ্ছে। এতে বাড়তি খরচ গুনতে হচ্ছে কৃষকদের।

উপজেলার ফলসী ইউনিয়নের কৃষক জাফিরুল ইসলাম বলেন, এ বছর তিনি চার বিঘা জমিতে পাটের আবাদ করেছেন।অনাবৃষ্টির কারনে পাটের আগা শুকিয়ে গেলেও ফলন আগের বছরের তুলনায় ভালো হবে বলে আশা করছেন। কিন্তু পানির অভাবে পাট জাগ দিতে পারছেন না। উপজেলার অধিকাংশ পাটচাষির একই অবস্থা। গত বছর দাম বেশি পাওয়ায় চলতি বছর পাটের আবাদে ঝুঁকে পড়েন উপজেলার কৃষকরা। পাট আবাদ নির্বিঘ্নে হলেও এখন পাট কাটা ও জাগ দেয়া নিয়ে মহাবিপদে পড়েছেন কৃষক।

পায়রাডাঙ্গা গ্রামের কৃষক রাসেল বলেন, উপযুক্ত পানি না থাকায় পাট জাগ দেয়া খুব সমস্যা হয়ে যাচ্ছে।

হরিণাকুণ্ডু উপজেলা কৃষি কর্মকর্তা হাফিজ হাসান বলেন, চলতি মৌসুমে উপজেলায় জমিতে পাটের আবাদ অনেক ভালো হয়েছে। ফলনও বেশ ভালো হয়েছে। তবে যে বৃষ্টি হয়েছে তা পাট পচানোর জন্য যথেষ্ট নয়। বেশ কিছু দিনের খরা আর অনাবৃষ্টির কারণে পাটচাষিরা পড়েছেন

দুশ্চিন্তায়। বিল অঞ্চলে পানি রয়েছে। কিন্তু উঁচু অঞ্চলে পানির সংকট। পর্যাপ্ত বৃষ্টি হলে এ সমস্যা দূর হবে।এছাড়াও পাট পচানোর জন্য পানি চেয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে স্লুইসগেইট দিয়ে নদীতে পানি সরবরাহও চাওয়া হয়েছে। আশা করছি, দ্রুত সময়ের মধ্যে ক্যানাল ও নদীতে পানি সরবরাহ করা হবে।

কোটচাঁদপুরে প্রতিপক্ষের ধারালো কাচির কোপে গুরুতর আহত-১

ছাগলে ফসল বিনষ্ট করার খেসারত মালিক কে দিতে হলো রক্ত দিয়ে। প্রতিপক্ষের ধারালো কাচির কোপে গুরুতর আহত হয়ে মালিক আলতাপ হোসেন (৪৫) স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছে। বুধবার কোটচাঁদপুরের রামচন্দ্রপুর মন্ডল পাড়ায় এ ঘটনা ঘটে। আলতাপ হোসেন

কোটচাঁদপুর উপজেলার রামচন্দ্রপুর গ্রামের মৃত ইলাহি মন্ডলের ছেলে। জানা গেছে, বুধবার দুপুরে আলতাপ হোসেনের ছাগল চলে যায় পাশের বাড়ির নওশার হোসেনের ফসলি জমিতে। এ সময় ছাগলটি, তাঁর ফসলের বেশ ক্ষতি সাধন করেন।

এতে করে ক্ষিপ্ত নওশার ছাগল নিয়ে ছুটে আসেন আলতাপের বাড়িতে। একপর্যায় দুই জনের মধ্যে চলে বাকবিতণ্ডা। এ সময় নওশার তাঁর হাতে থাকা কাচি দিয়ে কোপাতে থাকে আলতাপকে।

আলতাপের চিৎকারে স্থানীয়রা ছুটে আসলে ঘটনাস্থল থেকে পালিয়ে যায় সে। পরে তাকে উদ্ধার করে কোটচাঁদপুর হাসপাতালে নিয়ে আসেন তারা।

চিকিৎসক শিরিন সুলতানা বলেন, তার হাত মুখ সহ বেশ কয়েক স্থানে ক্ষত রয়েছে। তবে হাতের ক্ষতটা মারাত্মক। এ কারনে তাকে প্রাথমিক চিকিৎসা দিয়ে যশোরে রেফার্ড করা হয়েছে।

ঘটনার পর থেকে নওশার এলাকা ছেড়েছেন বলে জানা গেছে। সে ওই গ্রামের

মৃত আনসার আলী ছেলে।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক জাহিদ হোসেন জানান, ওই ঘটনায় এখনো পর্যন্ত কেউ কোন অভিযোগ করেনি।

ঝিনাইদহে বিদ্যুতের তথ্য প্রধানমন্ত্রীর নিকট চাওয়ার নিদের্শ দিলেন জিএম

ঝিনাইদহ পল্লী বিদ্যুতের জেনারেল ম্যানেজার ইসাহাক আলীর বিরুদ্ধে সাংবাদিকদের সাথে অশালীন আচরণের অভিযোগ উঠেছে।

বিদ্যুতের সাম্প্রতিক অবস্থার তথ্য চাওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে যাওয়ার নিদের্শ দেন তিনি। এছাড়া তথ্য চাইতে যাওয়ায় সাংবাদিকদের অবরুদ্ধ করে রাখার অভিযোগও উঠেছে তার বিরুদ্ধে।

জানা যায়, ঝিনাইদহ পল্লী বিদ্যুতের অধিনে জেলার ৬ উপজেলায় নির্ধারিত সময়ের চেয়ে অতিরিক্ত সময় লোডশেডিং হচ্ছে। বিদ্যুতের সরবরাহ কম নাকি কারিগরি ত্রুটি এ বিষয়টি জানতে মঙ্গলবার দুপুরে বেসরকারি টিভি চ্যানেল ২৪ এর সংবাদ প্রতিনিধি পল্লী বিদ্যুতের জেনারেল ম্যানেজার ইসাহাক আলীর দপ্তরে যান। সেখানে গিয়ে বিষয়টি জানতে চাইলে তিনি বলেন, আমি কোন তথ্য দিব না। প্রধানমন্ত্রী লোডশেডিং দিচ্ছে আপনি তার কাছে যান। এসময় তিনি ক্যামেরা বন্ধ করার নিদের্শ দিয়ে প্রধানমন্ত্রীকে খাটো করে নানান কথা বলেন। সেখান থেকে ওই সংবাদ কর্মী চলে আসেন।

বুধবার (২৭ জুলাই) লোডশেডিংয়ের তথ্য জানতে আরও কয়েকজন সংবাদকর্মী সেখানে গেলে অফিসে যাওয়ার পরপরই তিনি ক্ষুব্ধ হন। তথ্যসরবরাহ না করে উল্টো সাংবাদিকদের সাথে অশালীন আচরণ শুরু করে। একপর্যায়ে অফিসের সরকারি ফাইল ছুড়ে দিয়ে অকথ্য ভাষায় গালী- গালাজ করতে করতে অফিস কক্ষ থেকে বের হয়ে শোরগোল শুরু করে। সেসময় অফিসে তালা দিয়ে আনসার সদস্যদের ডাকতে বলে। সংবাদকর্মীরা

অবরুদ্ধ হয়ে পড়লে অফিসের অন্যান্যরা তাদের উপর ক্ষিপ্ত হয়। এক পর্যায়ে জেলায় কর্মরত সংবাদিক নেতারা সেখানে গিয়ে তাদের উদ্ধার করে।

সংবাদকর্মীরা বিষয়টি জেলা প্রশাসক মনিরা বেগম, পুলিশ সুপার মুনতাসিরুল ইসলামকে জানালে পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে।

এ ব্যাপারে ভুক্তভোগী এক সাংবাদিক বলেন, আজ তিনি যে আচরণ করেছেন তা কোন সরকারি কর্মকর্তার আচরণ হতে পারে না। আমরা অফিসে বসেই আছি আর উনি অফিসের মধ্যে চেচামেচি করে তালা দিয়ে বিশৃঙ্খলা সৃষ্টি করেছে। যেন আমরা ডাকাতি করতে এসেছি। এ ঘটনার সুষ্টু তদন্ত করে ব্যবস্থা নেওয়ার দাবী জানিয়েছেন জেলার কর্মরত সংবাদ কর্মীরা।

এ ব্যাপারে অভিযুক্ত জেনারেল ম্যানেজার ইসাহাক আলী ভুল স্বীকার করে দুঃখ প্রকাশ করেছেন।

ঝিনাইদহে পৌর কাউন্সিলর ইসমাইল হত্যা মামলায় একজনের যাবজ্জীবন

ঝিনাইদহের কালীগঞ্জ পৌরসভার সাবেক কাউন্সিলর ও পৌর বিএনপি নেতা ইসমাইল হোসেন হত্যা মামলায় একজনকে যাবজ্জীবন কারাদন্ড প্রদান ও তিনজনকে বেকসুর খালস প্রদান করেন আদালত।

বুধবার দুপুরে অতিরিক্ত জেলা ও দায়রা জজ ১ম আদালতের বিচারক শওকত হুসাইন এ রায় প্রদান করেন। যাবজ্জীবন দন্ডপ্রাপ্ত শাহাজান একই উপজেলার চাপালি গ্রামের লুৎফর রহমানের পুত্র।

মামলার নথি থেকে জানা যায়, কালীগঞ্জ পৌরসভার সাবেক কাউন্সিলর ও পৌর বিএনপির সহ-সভাপতি ইসমাইল হোসেন ২০১৪ সালের মে মাসের ১৩ তারিখে ফজরের নামাজ পড়ে বাইকে করে চাপালি গ্রামে ধানখেত দেখে বাড়ি ফিরছিলো। এ সময় আসামী শাহাজানসহ অনান্যরা চাপালী সড়কে মোটরসাইকেলের গতিরোধ করে কুপিয়ে জখম করে। এ সময় আহত ইসমাইলকে

যশোর জেনারেল হাসপাতালে নেওয়ার পথে তার মৃত্যু হয়। এ হত্যার ঘটনায় ওইদিন কালীগঞ্জ থানায় নিহতের স্ত্রী জাহানারা বেগম বাদি হয়ে চারজনকে আসামী করে একটি হত্যা মামলা দায়ের করে।

মামলাটি দীর্ঘ ৯ বছর চলাকালীন উভয পক্ষের স্বাক্ষ্যগ্রহন শেষে আদালত অভিযুক্ত শাহাজানকে যাবজ্জীবন কারাদন্ড প্রদান ও আসামী আজিজার, আব্বাস আলী ও আতিয়ারকে এ মামলা থেকে বেকসুর খালাশ প্রদান করেন। মামলায় সরকার পক্ষে অতিরিক্ত পিপি আব্দুল খালেক ও আসামীপক্ষে রাশিদুল হাসান জাহাঙ্গীর মামলাটি পরিচালনা করেন।

ঝিনাইদহে পুলিশ ক্লিয়ারেন্স জালিয়াতি চক্রের চার সদস্য গ্রেফতার

ঝিনাইদহে পুলিশ ক্লিয়ারেন্স জালিয়াতি চক্রের চার সদস্যকে গ্রেফতার করেছে ঝিনাইদহ ডিবি পুলিশ।

মঙ্গলবার মধ্যরাতে ঝিনাইদহ শহরের আরাপপুর এলাকার পৌর মার্কেটের একটি কম্পিউটারের দোকান থেকে তাদের গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃতরা হলেন, ঝিনাইদহ সদর উপজেলার বংকিরা গ্রামের আব্দার রহমানের ছেলে বর্তমান ঝিনাইদহ শহরের আরাপপুর চানপাড়ার বাসিন্দা আসানুর রহমান ফুলজার, তার ছেলে নাসিম রেজা, উত্তর কাস্টসাগরা গ্রামের আব্দুস সোবাহান মুন্সির ছেলে আব্দুল মতিন ও নৃসিংহপুর গ্রামের সুবল সেনের ছেলে সুকান্ত সেন।

ঝিনাইদহ ডিবির ওসি আনোয়ার হোসেন জানান, পুলিশ ক্লিয়ারেন্স জালিয়াতি করে ওই চক্র মানুষের কাছ থেকে কাড়িকাড়ি টাকা হাতিয়ে নিচ্ছিল। খবর পেয়ে মাঠে নামে সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল ও ঝিনাইদহ ডিবির একটি টিম। তারা অভিযান চালিয়ে জালিয়াতির কাজে ব্যবহৃত সরঞ্জামসহ তাদের গ্রেফতার করতে সক্ষম হয়।

এ সময় তাদের কাছ থেকে ভুয়া পুলিশ ক্লিয়ারেন্স, জাল সীল, চালাম

ফরম, পাসপোর্ট ও জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, নাগরিক ও চারিত্রিক সনদ পত্রের ফটোকপি, কম্পিউটারের হার্ডডিক্স ও মোবাইল উদ্ধার করে।

এ বিষয়ে আজ বুধবার ঝিনাইদহ সদর থানায় একটি মামলা হয়েছে।

হরিণাকুণ্ডুতে অস্ত্রসহ এক ব্যক্তি গ্রেফতার

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে অস্ত্রসহ আবু সাঈদ (৩৩) নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব)।

সোমবার দুপুরে শহরের পার্বতীপুর বাজার এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত আবু সাঈদ উপজেলার পারদখলপুর গ্রামের সানোয়ার হোসেন ওরফে সনুর ছেলে।

সিপিসি-২, র্যাব-৬ ঝিনাইদহের কোম্পানি কমান্ডার মেজর মোহাম্মদ শরীফুল ইসলাম জানান, ওই এলাকায় মাদকের কারবার চলছে এমন খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। এ সময় তার দেহ তল্লাসি করে একটি বিদেশী পিস্তল, ৬ রাউন্ড গুলি, ম্যাগাজিন, দুটি মোবাইল ফোন, চারটি সিমকার্ড ও দুই হাজার নয়শ‘ টাকা উদ্ধার করা হয়।

সে একটি সন্ত্রাসী গ্রুপের সদস্য। তার বিরুদ্ধে জেলার কয়েকটি থানায় হত্যা, নাশকতা, চাঁদাবাজী, ডাকাতি ও অস্ত্র আইনের ৮টি মামলা রয়েছে। তাকে হরিণাকুণ্ডু থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

হরিণাকুণ্ডু থানার ওসি সাইফুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, অস্ত্র আইনের মামলায় ওই ব্যক্তিকে কোর্টহাজতে প্রেরণ করা হয়েছে।

ঝিনাইদহে বাসের ধাক্কায় মাছ ব্যবসায়ী নিহত

ঝিনাইদহে বাসের ধাক্কায় জহির বিশ্বাস (৬০) নামের এক মাছ ব্যবসায়ী নিহত হয়েছেন।

আজ সোমবার সকালে শহরের চাকলাপাড়ায় এ দুর্ঘটনা ঘটে। নিহত জহির বিশ্বাস হরিণাকুন্ডু উপজেলা শাখারীদহ গ্রামের মৃত দানেশ বিশ্বাসের ছেলে।

স্থানীয়রা জানান, সকালে খুচরা মাছ ব্যবসায়ী জহির বিশ্বাস বাইসাইকেল যোগে ঝিনাইদহ শহরে আসছিলেন। পথিমধ্যে চাকলাপাড়া তসলিম ক্লিনিকে সামনে আসা মাত্রই শহর থেকে পুরাতন হাটখোলাগামী একটি বাসের চাকায় পিষ্ট হয়। এতে সে ঘটনাস্থলেই মারা যায়।

ঝিনাইদহ সদর থানার ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা জানান, নিহতের লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

এ ঘটনায় ঘাতক বাসটি আটক হলেও চালক পলাতক রয়েছে। তবে চালককে আটকের জন্য পুলিশ চেষ্টা অব্যাহত রয়েছে।

কোটচাঁদপুরে জাতীয় মৎস্য সপ্তাহের উদ্ভোধন

দেশ স্বাধীন হয়েছিল বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দৃঢ়তার জন্য,আর আজ দেশে পদ্মা সেতু নির্মিত হয়েছে প্রধান মন্ত্রী শেখ হাসিনার দৃঢ়তায়। রবিবার দুপুরে কোটচাঁদপুর জাতীয় মৎস্য সপ্তাহের উদ্ভোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা

বলেন,ঝিনাইদহ -৩ আসনের সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা চেয়ারম্যান ও আওয়ামী লীগ সভাপতি মোছাঃ শরিফুননেসা মিকি, কোটচাঁদপুর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার মোহাইমিনুল ইসলাম, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ শাহাজাহান আলী, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা সদস্য চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি,পৌর আওয়ামী লীগের সাবেক আহবায়ক ফারজেল হোসেন মন্ডল, সাবেক উপজেলা মুক্তি যোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, পৌর আওয়ামী লীগের সভাপতি কাজী আলমগীর।

এ ছাড়া উপস্থিত ছিলেন, উপজেলা আওয়ামী লীগের সহসভাপতি নুরুল ইসলাম খান বাবলু, লুৎফর রহমান, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংকের কর্মকর্তা চম্পা অধিকারী।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্চয় কুমার। এছাড়া বক্তব্য রাখেন রাইয়ান জৈব কৃষি প্রকল্পের পরিচালক ড.নজরুল ইসলাম, সঞ্চালনায় ছিলেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম ও তথ্য সেবা কর্মকর্তা তানিয়া সুলতানা। পরে বিভিন্ন ক্যাটাগরিতে অবদান রাখায় সম্মান সূচক পুরস্কার তুলে দেয়া হয়। এর আগে কপোত্যক্ষ নদে মাছের পোনা অবমুক্ত করেন তিনি।

মৎস্য সপ্তাহ উপলক্ষে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভা

সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় ও এলাকায় মাইকিংয়ের মধ্যদিয়ে সপ্তাহ ব্যাপী জাতীয় মৎস্য সপ্তাহ শুরু হয়েছে। শনিবার কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কোটচাঁদপুর উপজেলার নির্বাহী কর্মকর্তা ও মৎস্য কমিটির সভাপতি মোঃ দেলোয়ার হোসেন।

এ সময় উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলার সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্চয় কুমার,কৃষিবিদ নজরুল ইসলাম। এছাড়া উপস্থিত ছিলেন সাংবাদিক নজরুল ইসলাম, কাজী মৃদুল,সুব্রত কুমার, মঈন উদ্দিন খান,ও আব্দুলা বাশার।

মংস্য কর্মকর্তা বলেন,প্রতি বছরের ন্যায় এ বছরও জাতীয় মৎস্য সপ্তাহ শুরু হয়েছে। যা চলবে ২৩ জুলাই থেকে ২৯ জুলাই পর্যন্ত। এরমধ্যে প্রতিদিনই রয়েছে বিভিন্ন কর্মসুচি। শনিবার সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় ও মাইকিংয়ের মধ্যদিয় এ সপ্তাহের শুরু হয়েছে।

হরিণাকুন্ডুতে মৎস্য সপ্তাহ উপলক্ষে সাংবাদিকদের সাথে মতবিনিময়

ঝিনাইদহের হরিণাকুন্ডুতে জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২ উদযাপন উপলক্ষে সাংবাদিকদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার (২৩জুলাই) সকালে উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে উপজেলা প্রশাসন ও মৎস্য কর্মকর্তার কার্যালয়ের আয়োজনে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

‘নিরাপদ মাছে ভরবো দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ’ প্রতিপাদ্যের ওপর আয়োজিত এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইউএনও সুস্মিতা সাহা।

এ সময় উপজেলা কৃষি কর্মকর্তা হাফিজ হাসান,সমাজসেবা কর্মকর্তা শিউলি রানী, মহিলা বিষয়ক কর্মকর্তা মুন্সী ফিরোজা সুলতানা, মৎস্য কর্মকর্তা নান্নু রেজা, মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা মেজবাহুন জান্নাত, প্রেস ক্লাব সভাপতি এম, সাইফুজ্জামান তাজুসহ মিডিয়াকর্মীরা উপস্থিত ছিলেন।

সভায় মৎস্য সপ্তাহ উপলক্ষে ওই দপ্তরের উদ্যোগে সপ্তাহব্যাপী নানা কার্যক্রম সম্পর্কে সাংবাদিকদের অবহিত করা হয়।